# ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট

গ্রামঃ বটতলী, ডাকঘরঃ ফতেয়াবাদ, থানাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

ইচৌমোমফা/শিক্ষাবৃত্তি-২০২৬/২০২৫(১৯) তারিখ ঃ ০৪/০৮/২০২৫

প্রাপক,
রেজিস্ট্রার,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়,
চট্টগ্রাম।

মহোদয়/মহোদয়া,

আপনারা অবগত আছেন যে, **"ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট"** একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং সমস্ত প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতিবছর সরকার অথবা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকৌশল, চিকিৎসা, বাণিজ্য, অর্থনীতি বিষয়ে অধ্যয়নরত **চট্টগ্রাম জেলার অর্ন্তগত শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী অধিবাসীদের** মধ্যে মেধাবী ছাত্র/ছাত্রী যারা আর্থিক সীমাবদ্ধতার কারণে শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে অসমর্থ এবং যাদের আর্থিক সাহায্যের প্রয়োজন আছে এমন শিক্ষার্থীদের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন পর্যন্ত মাসিক শিক্ষাবৃত্তি এবং বার্ষিক এককালীন অনুদান কার্যকর করে। বার্ষিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তির ধারাবাহিকতা অক্ষুন্ন রাখা হয়। পাশাপাশি অতিরিক্ত সাহায্য হিসাবে নতুন শিক্ষা বছরের শুরুতে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও শিক্ষা উপকরণ সংগ্রহ ইত্যাদি খরচ নির্বাহে এককালীন একটি আলাদা অনুদান প্রদান করা হয়। বিগত বছর সমূহে এই প্রতিষ্ঠান প্রায় ৪১০ জন ছাত্র/ছাত্রীকে শিক্ষা বৃত্তি প্রদান করেছে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার অথবা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্নাতক সম্মান (অনার্স) এবং স্নাতকোত্তর (মাস্টার্স) পর্যায়ে অধ্যয়নরত শুধুমাত্র চট্টগ্রামের হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে ১৫ই সেপ্টেম্বর ২০২৫ ইং এর মধ্যে ২০২৬ ইং শিক্ষাবর্ষের জন্য ফাউন্ডেশনের অফিসে প্রাপ্ত নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় তথ্যাদিসহ শিক্ষাবৃত্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

এ সংক্রান্ত একটি নোটিশ আপনাদের প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে ও প্রতি বিভাগের নোটিশ বোর্ডে প্রতিস্থাপনের মাধ্যমে প্রচারের জন্য এবং সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য এই পত্রের সঙ্গে প্রেরণ করা হল। এ ব্যপারে আপনার/ আপনাদের আন্তরিক সহযোগীতা বিশেষ ভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

M. A. Rahim 04/08/25

**(এম.এ.রহিম)**
প্রতিষ্টাতা ট্রাষ্টি এবং ট্রাষ্টি বোর্ডের সচিব,
ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন।

স্মারক নং-একা- ৬৪২/২০২৬/২০২৫(১৯)/৮৮৯৫(৮৬) ১৪.৮.২০২৫
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো: (বিজ্ঞপ্তি সংযুক্ত)

১. ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২. সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। → বর্ণনা মোতাবেক বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের অবহিতকরণ ও উল্লিখিত সময়ের মধ্যে আবেদন ফরম নির্বারিত অফিসে প্রেরণের অনুরোধসহ।
৪. পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৫. প্রশাসক, হিসাব নিয়ামক দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৬. হিসাব নিয়ামক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৭. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৮. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০. সহকারী রেজিস্ট্রার (সংযুক্ত শাখা), রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১. নথি

১৪.৮.২৫

(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

# ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট

গ্রামঃ বটতলী, ডাকঘরঃ ফতেয়াবাদ, থানাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

সূত্রঃ ইচৌমোমফা/শিক্ষাবৃত্তি-২০২৬/২০২৫(২০)　　　　তারিখঃ ০৪/০৮/২০২৫ ইং

## বিজ্ঞপ্তি

## শিক্ষাবৃত্তি- ২০২৬

**"ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট"** একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতি বছরের ন্যায়, এ বছরও ফাউন্ডেশন, সরকার ও সরকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দা ও মেধাবী অথচ আর্থিক সাহায্যের প্রয়োজন রয়েছে, এমন ছাত্র-ছাত্রীদেরকে মাসিক শিক্ষাবৃত্তি এবং শিক্ষা বছরের শুরুতে ভর্তি ও শিক্ষা উপকরণ সংগ্রহের জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান করবে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত এবং স্বীকৃত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধীনে **বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকৌশল, চিকিৎসা, বাণিজ্য, অর্থনীতি** বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত (তৃতীয় শ্রেণী প্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) **চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী** বাসিন্দাদের থেকে ফাউন্ডেশন এর অফিসে প্রাপ্ত নির্ধারিত ছকে/ফরমে ২০২৬ ইং শিক্ষাবর্ষের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে। এই শিক্ষাবৃত্তি এক বছরের জন্য প্রাথমিকভাবে বলবৎ থাকবে, যা পরবর্তীতে প্রতি বছর পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নবায়ন করা হবে শিক্ষাকাল বলবৎ থাকা পর্যন্ত। উল্লেখ্য যে, সাধারণত পহেলা জানুয়ারি থেকে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত শিক্ষাবৃত্তির বার্ষিক মেয়াদ নির্ধারিত আছে।

এই বিজ্ঞপ্তিটি সরকার কর্তৃক প্রতিষ্ঠিত সকল কলেজ, বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করার জন্য শিক্ষার্থীরা অত্র অফিস থেকে প্রাপ্ত ফরম পূরণের মাধ্যমে সরাসরি অফিসে এসে আবেদন করতে পারবে। আবেদনপত্র সমূহ যাচাই-বাচাই পূর্বক, আবেদনকারীদের মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।

**আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ও সময় : ১৫ই সেপ্টেম্বর ২০২৫, বিকাল ৪ ঘটিকা পর্যন্ত।**

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

ক) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
খ) স্থায়ী ঠিকানার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র।
গ) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (সম্মান) পরীক্ষা সমূহের মূল মার্কসীট এর সত্যায়িত ফটোকপি।
ঘ) জাতীয় পরিচয় পত্র অথবা জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।
ঙ) স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভর্তির রশিদ ও শিক্ষার্থীর পরিচয় পত্রের (প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত) সত্যায়িত ফটোকপি।

M. A. Rahim
০৪/০৮/25

০৭।৮৫ ১০.৪০
৮৫